



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

মাইজদী কোর্ট, নোয়াখালী।

ই-মেইলঃ crmnoakhali@krishibank.org.bd

ফোনঃ অফিসঃ ০২-৩৩৪৪৯১৫৮৬, ০২-৩৩৪৪৯১৫৮৬



বিষয় : জানুয়ারি/২০২১ হতে মার্চ/২০২১ সময়কালের ৩য় প্রান্তিকের
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এ,এইচ,এম রেজাউল করিম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময় : ০৭/০৪/২০২২ খ্রি: বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী।
উপস্থিতি : পরিশিষ্ট-ক'


সভার প্রারম্ভে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২ অনুযায়ী জানুয়ারি ২০২২ হতে মার্চ ২০২২ পর্যন্ত সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। ব্যাংকিং খাতে নানারকম দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সমন্বয়যোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্য নিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব খোরশেদ আলম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

- ক) ২০২১-২০২২ অর্থবছরের ৩১.০৩.২০২২ খ্রিঃ তারিখ ভিত্তিক ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও যথাসময়ে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
- খ) অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিতকরণ ও পরিপালন নিশ্চিতকরণসহ ব্যাংকের সকল গণসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙ্গানো সম্পন্ন করা হয়েছে।
- গ) সচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক সকল শাখায় অর্ধ-বার্ষিক পরিদর্শন সম্পাদন করা হয়েছে।
- ঘ) ইতোমধ্যে অঞ্চলাধীন অধিকাংশ শাখায় অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে।

০৩। সভার বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক অনুমোদিত সিডিউল অব চার্জেস অঞ্চলাধীন শাখাসমূহে টাঙ্গানো এবং সন্মানিত গ্রাহকগণকে দ্রুত অবহিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় (বাস্তবায়নকারী সকল শাখা ব্যবস্থাপক)।
- খ) সিডিউল অব চার্জেস অন্তর্ভুক্ত করে হালনাগাদ সিটিজেন চার্টার ছাপিয়ে শাখাসমূহে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নকারী মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক)।
- গ) নোয়াখালী মুখ্য আঞ্চলিক কার্যালয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক প্রণয়নকৃত ২১.১০.২০১৯ খ্রিঃ তারিখে ৫৭৭ নং পত্র মোতাবেক ই-ফাইল সিস্টেম এর আওতায় ফাইল সমূহ নথিভুক্ত করা হচ্ছে এবং শাখা সমূহকে ই-নথি ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ঘ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে সচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয় (বাস্তবায়নকারী মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক)।
- ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ। এবেত্রে গণশুনানি একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণশুনানি করবেন এবং পর্যায়ক্রমে সকল শাখার গণশুনানি সম্পন্ন করা হবে (বাস্তবায়নকারী মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক)।


২২.০৪.২০২২

(এ,এইচ,এম রেজাউল করিম)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি

সূত্র নং- ৫৩.১১.২০২৬.২২৬.০৬.০০১.২২.১৬১৯

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীবা কার্যালয়, কুমিল্লা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীবা কার্যালয়, নোয়াখালী।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, নোয়াখালী মুখ্য অঞ্চল।
- ০৬। নথি/মহানথি

তারিখ : ১১/০৪/২০২২ খ্রিঃ


২২/০৪/২০২২

(মোঃ শাহাব উদ্দিন)

সহকারী মহাব্যবস্থাপক